# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 10-02-2026 Time: 1.40 PM**

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে এসআইআর প্রক্রিয়ার রূপরেখা এবং বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা করতে পশ্চিমবঙ্গে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে বৈঠকে বসছেন।

২/ এস আই আর প্রক্রিয়ায় চলতি শুনানি পর্বে মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগ করার জন্য ৮ হাজার ৫০৫ জন গ্রুপ-বি আধিকারিকের নাম ই আর ও-দের কাছে পাঠানোর সময়সীমা শেষ হচ্ছে আজ বিকেল পাঁচটায়।

৩/ কয়লা পাচার কাণ্ডে, এনফোর্সমেন্ট নির্দেশালয় – ই ডি, দুজন কয়লা ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

৪/ মাদক আইনের অধীনে পুলিশ মুর্শিদাবাদের লালগোলায় তৃণমূল কংগ্রেসের বহিষ্কৃত বিধায়ক, জনতা উন্নয়ন পার্টির চেয়ারম্যান হুমায়ুন কবিরের জামাই ও আত্মীয়ের বিপুল টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে।

৫/ মাঘ মাসের শেষেই রাজ্য জুড়ে ধীরে ধীরে বাড়তে চলেছে তাপমাত্রা।

oooooooooooooooooooooooooooooooo

রাজ্যে এসআইআর প্রক্রিয়ার ভবিষ্যৎ রূপরেখা এবং আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে বৈঠকে বসছেন। এস আই আর নিয়ে সুপ্রিম কোর্টের একাধিক নির্দেশের পর গত রাতেই দিল্লি রওনা হয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক।

এদিকে, কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানিয়েছেন চলতি মাসের মধ্যেই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার ব্যাপারে কমিশন সব রকমের পদক্ষেপ নিচ্ছে।

এর আগে, গতকাল সুপ্রিম কোর্টের রায়ের পর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের সময়সীমা আরও পিছোতে পারে বলে শ্রী আগরওয়াল জানিয়ে ছিলেন। তিনি বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশ মত এস আই আর এর তথ্য যাচাইয়ের কাজ আরো সাত দিন বাড়ানো হলে ২১ ফেব্রুয়ারির আগে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে, জমা পড়া নথির তথ্য যাচাইয়ের পাশাপাশি শুনানি প্রক্রিয়া চালিয়ে যাওয়া হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় এখনও পর্যন্ত ১ কোটি ৩৯ লক্ষ ভোটারের শুনানি সম্পন্ন হয়েছে । নথি আপলোডের সংখ্যা দাঁড়িয়েছে ১ কোটি ৬ লক্ষ। বাকি কাজ দ্রুত শেষ করার চেষ্টা চলছে বলে তিনি জানান।

অন্যদিকে, সুপ্রিম কোর্টে রাজ্য সরকারের জমা দেওয়ার তালিকা অনুযায়ী ৮ হাজার ৫ শো ৫ জন গ্রুপ-বি আধিকারিককে মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগ করে চূড়ান্ত ভোটার তালিকা যাচাইয়ের কাজে নিযুক্ত করা হবে। সমগ্র প্রক্রিয়া শেষ করে ২৮ ফেব্রুয়ারির মধ্যে চূড়ান্ত তালিকা প্রকাশ করা কমিশনের লক্ষ্য বলে জানা গেছে।

oooooooooooooooooooooooooooooooo

রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় চলতি শুনানি পর্বে মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগ করার জন্য ৮ হাজার ৫০৫ জন গ্রুপ-বি আধিকারিকের নাম ই আর ও-দের কাছে পাঠানোর সময়সীমা শেষ হচ্ছে আজ বিকেল পাঁচটায়। এই তালিকা থেকে নির্বাচন কমিশন যাদের কাজে লাগানো প্রয়োজন, তাঁদের মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগ করতে পারবে। এই আধিকারিকরা লজিক্যাল ডিসক্রিপেন্সি সংশোধনের কাজে ই আর ও এবং এ ই আর ও-কে সাহায্য করবে বলে শীর্ষ আদালত গতকাল জানিয়েছে। ১৪-ই ফেব্রুয়ারির পর আরও এক সপ্তাহ সময় দেওয়া হবে ই আর ও-দের, যাতে তারা নথি যাচাই সম্পূর্ণ করে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেন। তবে গোটা প্রক্রিয়া নিরপেক্ষভাবে করার নির্দেশ দিয়েছে আদালত। কোনোভাবেই তা যেন রাজনৈতিক চাপের মুখে না হয়, সেই বিষয়টি নিশ্চিত করতে হবে।

নির্বাচন কমিশনের অভিযোগ, এস আই আর প্রক্রিয়া চলকালীন কোন অপরাধমূলক ঘটনা ঘটলে তার এফ আই আর করার আর্জি জানানো হলেও তা কার্যকর হচ্ছে না। এস আই আর চালু হওয়ার পর থেকে রাজ্যের বিভিন্ন জায়গায় অশান্তি ও হিংসার খবর মিলেছে। এর প্রেক্ষিতে রাজ্য পুলিশের মহা নির্দেশককে শোকজ করে ব্যক্তিগত হলফনামা তলব করেছে সর্বোচ্চ আদালত।

SIR প্রক্রিয়ার বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দায়ের করা মামলায় প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চ গতকাল জানিয়েছে, পদ্ধতিগত বিষয়ে যে কোন নির্দেশের প্রয়োজন হলে আদালত তার ব্যবস্থা করবে। কিন্তু SIR প্রক্রিয়ায় কোনরকম প্রতিবন্ধকতা বরদাস্ত করা হবে না।

oooooooooooooooooooooooooooooooo

কয়লা পাচার কাণ্ডে এনফোর্সমেন্ট নির্দেশালয় - ই ডি, গতকাল সি জি ও কমপ্লেক্সে গভীর রাত পর্যন্ত জেরা করার পর দুজন কয়লা ব্যবসায়ীকে গ্রেফতার করেছে। ধৃত চিন্ময় মণ্ডল এবং কিরণ খাঁ-কে গতকালই তলব করে ই ডি। ধৃতদের আজ আদালতে তোলা হবে।

উল্লেখ্য, এর আগে, গত তেসরা ফেব্রুয়ারি রানীগঞ্জে কিরণ খাঁয়ের বাড়িতে তল্লাশি অভিযান চালায় ই ডি। বুদবুদ থানার ও সি মনোরঞ্জন মণ্ডলের দুর্গাপুরের বাড়িতে দিনভর তল্লাশি চালিয়ে অসংখ্য গুরুত্বপূর্ণ নথি উদ্ধার করা হয়। জামুরিয়াতে অমিত বনসলের বাড়িতে অভিযান চালিয়ে মেলে বিপুল অর্থ ও সোনা। তল্লাশি চলে কাঁকসায় হাসিম মির্জার বাড়িতে। এছাড়াও, কলকাতা, বর্ধমান, পাণ্ডবেশ্বর, আসানসোল সহ একাধিক জায়গায় অভিযান চালিয়েছিল ই ডি।

oooooooooooooooooooooooooooooooo

রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই-প্যাক কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও দফতরে ই ডি-র তল্লাশির সময়ে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির আচমকা উপস্থিতি নিয়ে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া মামলার শুনানি ফের পিছিয়ে গেছে। আইনজীবী কপিল সিব্বল অসুস্থ থাকায় আজকের মতো মুলতুবি হয়ে যায় শুনানি।

উল্লেখ্য, ইতোমধ্যে রাজ্য সরকার শীর্ষ আদালতে এই মামলায় হলফনামা জমা দিলেও নিজেদের বক্তব্য জানানোর জন্য সময় চেয়েছিল কেন্দ্রীয় তদন্ত সংস্থা। সেই শুনানিই আজ হবার কথা ছিল।

বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা এবং বিচারপতি সন্দীপ মেহেতার বেঞ্চে আগামী ১৮ ফেব্রুয়ারি এই মামলার শুনানি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর আন্দোলনের সময় রাজ্যের একমাত্র চীনা স্কুলে ২-শো জন সি আই এস এফ নিরাপত্তারক্ষীর থাকার জন্য সরকার, যে বন্দোবস্ত করেছিল, তা তুলে নেওয়া যায় কিনা, সেবিষয়ে জানাতে রাজ্য গতকাল হাইকোর্টের কাছে কিছুটা সময় চেয়েছে। চীনা সম্প্রদায়ের নববর্ষ উদযাপনের দিন ১৬-ই ফেব্রুয়ারী স্কুলের কিছুটা অংশ অন্তত খালি করে দেওয়া নিয়ে গতকাল আদালতে শুনানি হয়। বিচারপতি কৃষ্ণা রাওয়ের এজলাসে রাজ্য এই সময় চেয়েছে। এর আগে স্কুল কর্তৃপক্ষ হাইকোর্টে আবেদন করে জানান, ২ বছর ধরে কেন্দ্রীয় বাহিনীর জন্য রাজ্য সরকার ১৮-টি ঘর নিয়ে রাখলেও তা এখনও ছাড়েনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন বিশেষ আলোচনা "সুস্থ ভারত গড়ে তুলতে হর ঘর জল কর্মসূচি"। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক প্রফেসর সুজয়া বসুর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মাদক আইনের অধীনে পুলিশ গতকাল মুর্শিদাবাদের লালগোলায় তৃণমূল কংগ্রেসের বহিষ্কৃত বিধায়ক, জনতা উন্নয়ন পার্টির চেয়ারম্যান হুমায়ুন কবিরের জামাই ও আত্মীয়ের বিপুল টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে। একটি বাড়ি, হোটেল ও বে-সরকারী স্কুল সহ এই সম্পত্তির আর্থিক মূল্য ১০ কোটি টাকারও বেশি। জানা গেছে, হুমায়ুন কবীরের মেয়ের শশুর সরিফুল ইসলামের নামে লালাগোলা থানায় মাদক আইনে একাধিক মামলা দায়ের হয়। মাদক পাচারের টাকায় এই সম্পত্তি গড়ে উঠেছে বলে অভিযোগ। রাজস্ব ও অর্থ সহ অন্যান্য দফতরের নির্দেশে এই সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহারাষ্ট্র পুলিশের হাতে আটক মুর্শিদাবাদের শ্রমিক সানাউল শেখ মুক্তি পেয়েছেন। সৌদি আরব যাওয়ার জন্য মহারাষ্ট্রের কুর্লাতে গিয়েছিলেন তিনি। বাংলাদেশি সন্দেহে গতকাল তাকে কুর্লা স্টেশন চত্বর থেকে আটক করা হয়। পরে মুর্শিদাবাদ জেলা পুলিশের হস্তক্ষেপে তিনি মুক্তি পান। তার বাড়ি মুর্শিদাবাদের রানিতলা থানার ডিহিপাড়া গ্রামে।

oooooooooooooooooooooooooooooooo

পুরুলিয়ার আনাড়ার বাসিন্দাদের দীর্ঘদিনের দাবি আজ পূরণ হয়েছে। রেল শহর বলে পরিচিত আনাড়ায় এদিন থেকে থামতে শুরু করেছে টাটানগর বক্সার এক্সপ্রেস। পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো এদিন সবুজ পতাকা নেড়ে ট্রেনটিকে বক্সারের উদ্দেশ্যে রওনা করান। প্রধানমন্ত্রী ও রেলমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, সাধারণ মানুষের জন্য নিরন্তর কাজ করে চলেছে কেন্দ্রীয় সরকার। পুরুলিয়ার দিকে দেওয়া হয়েছে বিশেষ নজর।

oooooooooooooooooooooooooooooooo

হাওড়ার আমতায় নতুন রাস্তা মোড় সংলগ্ন এলাকায় আজ ভোর রাতে পাঁচ তলা বাড়ির একতলায় একটি কাঠের গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। মুহূর্তের মধ্যে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে আশপাশের দোকানগুলিতে। একটি ইলেকট্রনিক্সের দোকান সহ আরও অন্তত তিনটি দোকান সম্পূর্ণ ভস্মীভূত হয়। দমকলের চারটি ইঞ্জিন প্রায় সাড়ে পাঁচ ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

পাশের একটি বহুতলে আটকে পড়া চারজনকে নিরাপদে উদ্ধার করে পুলিশ। অগ্নিকাণ্ডে আহত কাঠের গুদামের মালিক সুরেন্দ্র শুক্লাকে আমতা গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

oooooooooooooooooooooooooooooooooo

মাধ্যমিক পরীক্ষা দিতে যাওয়ার সময় দুর্ঘটনার জেরে মালদার মথুরাপুরে গুরুতর আহত হয়েছে দুই মাধ্যমিক পরীক্ষার্থী। আহতদের নাম রাশিদ খান ও রাজেশ খান। তারা দু'জনেই নূরপুর পাঠানপাড়ার বাসিন্দা।

জানা গিয়েছে, নূরপুর হাই স্কুলের ওই দুই ছাত্র এদিন মথুরাপুর বিএসএস হাইস্কুলে বাইকে চেপে পরীক্ষা দিতে যাচ্ছিলো। খয়েরতলায় দাড়িয়ে থাকা একটি লড়িতে ধাক্কা মারে বাইকটি। গুরুতর আহত হয় ওই দুই পরীক্ষার্থী। মানিকচক গ্রামীন হাসপাতালে প্রথমে তাদের

নিয়ে যাওয়া হয়। তবে রাজেশ খানের অবস্থা আশঙ্কাজনক থাকায় তাকে মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

বাঁকুড়ার রাইপুরের মটগোদার কাছে খড়দা জঙ্গল থেকে এক মহিলার মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতা অলকা কদম স্থানীয় বেঘুয়া গ্রামের বাসিন্দা। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে রাইপুর থানার পুলিশ।

oooooooooooooooooooooooooooooo

বিশিষ্ট সাংবাদিক ও মানবাধিকার কর্মী নিরঞ্জন হালদার প্রয়াত। বয়স হয়েছিল ৯৪ বছর। আদিবাসীদের অধিকার রক্ষায় তাঁর বিশেষ অবদান রয়েছে। দীর্ঘদিন তিনি আনন্দবাজার পত্রিকায় সাংবাদিকতা করেছেন। গতকাল সকালে কোলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে তাঁর জীবনাবসান হয়।

oooooooooooooooooooooooooooooo

শীতকাল বিদায়ের কোন নির্দিষ্ট নির্ঘণ্ট না থাকলেও মাঘ মাসের শেষেই রাজ্য জুড়ে ধীরে ধীরে বাড়তে চলেছে তাপমাত্রা। আগামীকাল পর্যন্ত সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের থেকে কিছুটা কম থাকবে তবে তারপরই দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর পরবর্তী সময়ে তাপমাত্রার আর কোন বিশেষ পরিবর্তন হওয়ার সম্ভাবনা নেই। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে যা আড়াই ডিগ্রি কম।

উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে আগামী দু'দিন সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooooooooooo

কল্যাণীতে পাঁচদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালের আজ পঞ্চম ও শেষ দিনে বাংলার বিরূদ্ধে অন্ধ্র প্রদেশ দ্বিতীয় ইনিংসে শেষ পাওয়া খবরে আট উইকেটে ২৩৮ রান করেছে। অন্ধ্র প্রদেশ এখনো ৯৬ রানে পিছিয়ে আছে।

অন্ধ্র প্রদেশের প্রথম ইনিংসে ২৯৫ রানের পর বাংলা প্রথম ইনিংসে করেছিল ৬২৯ রান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০